

**ডুমুরিয়ায় শিক্ষকের যৌন
হয়রানি : পরীক্ষা দেয়া
হচ্ছে না ছাত্রীর**

প্রতিনিধি, ডুমুরিয়া (খুলনা)

ডুমুরিয়া কলেজের এক শিক্ষকের যৌন হয়রানির শিকার ও মোবাইলে আপত্তিকর কথা বলার জের ধরে এইচএসসি পরীক্ষায় অংশ নেয়া হচ্ছে না। কলেজ ছাত্রীর মা গত সোমবার ডুমুরিয়া কলেজের অধ্যক্ষ ও সভাপতি বরাবর তার মেয়ে কলেজে পাঠাবেন না বলে অভিযোগ করেছে।

ডুমুরিয়া কলেজের অধ্যক্ষ ও পরিচালনা বোর্ডের সভাপতি বরাবর দেয়া আবেদন পড়ে বলা হয়েছে, তার মেয়ে ডুমুরিয়া কলেজের ব্যবসায় শিক্ষা শাখায় পড়ালেখা করে। ওই কলেজের ব্যবসায়ী শিক্ষা শাখার শিক্ষক মো: মঞ্জুরুল আলম মুকুল ওই ছাত্রীকে প্রতিনিয়ত উত্যক্ত করতো। তাছাড়া ভাল ফলাফল করিয়ে দেবে এমন প্রতিশ্রুতি দিয়ে নানা রকম অশীল কথাবার্তা বলতো যা আমার মেয়ে আমাদেরকে জানান। কিন্তু হিন্দু সর্পপ্রদায়ের লোক হওয়ার কারণে আমরা এর প্রতিবাদ করতে পারিনি। সর্বশেষ গত ১৬ ডিসেম্বর রাতে কলেজ শিক্ষক মঞ্জুরুল আলম মুকুল আমাদের মোবাইল নম্বরে ফোন করে মেয়ের সাথে কথা বলে। তাকে নানা রকম অশীল কথা বলে এবং মোবাইল ফোনে অনৈতিক প্রস্তাব দেয়। বর্তমানে নিরাপত্তার স্বার্থে আমরা আমাদের মেয়েকে আর কলেজে না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছি। আসন্ন এইচএসসি পরীক্ষায় আমাদের মেয়ে অংশ নিবে না।

এদিকে বিষয়টি নিয়ে কলেজের জনৈক শিক্ষক প্রতিনিধি, কতিপয় প্রভাবশালী ধামাচাঁপা দেয়ার চেষ্টা চালাচ্ছে।

এ বিষয়ে ডুমুরিয়া কলেজের অধ্যক্ষ হোসেনয়ারা বেগম জানান, কলেজের এক ছাত্রীর মা শিক্ষক মঞ্জুরুল হক মুকুলের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ করেছে। সেই অভিযোগ পড়ে তিনি বলেছেন তার মেয়ে এইচএসসি পরীক্ষায় অংশ নেবে না। বর্তমানে এইচএসসি পরীক্ষার ফরম পূরণ চলছে। ঘটনাটি সভাপতিকে অবহিত করা হয়েছে।

ডুমুরিয়া কলেজ পরিচালনা বোর্ডের সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সামছু দৌজা বলেন, অভিযোগের সত্যতা পেলে কলেজ শিক্ষক মঞ্জুরুল আলম মুকুলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।